বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

Mobile : 01711332716
E-mail:sde.sonagazi@gmail.com
Sub-divisional Engineer
Sonagazi IO&M Sub-division
BWDB, Sonagazi , Feni.

মোবাইল ঃ ০১৭১১৩৩২৭১৬
E-mail:sde.sonagazi@gmail.com
উপ-বিভাগীয় প্রকৌশলী
সোনাগাজী উন্নীত পওর উপ-বিভাগ
বাপাউবো, সোনাগাজী, ফেনী।

স্মারক নং-                                                                 তারিখঃ-

# নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২২-২০২৩

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ১০/১০/২০২২ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ফেনী জেলার সোনাগাজী উপজেলার ফেনী পওর বিভাগের সোনাগাজী উন্নীত পওর উপ-বিভাগের আওতাধীন চরখোয়াজ কলোনীতে রক্ষিত অকেজো মালামাল সমূহ (ফেনী রেগুলেটরের গেটের পুরাতন আর্ম, এস এস পিন, বোল্ট, ভার্টিক্যাল লিফ্‌ট/ফ্লাপ গেইট, লিফটিং ডিভাইস, ওয়্যার রোপ, রাবার সিল, আর সি সি ভাঙ্গা ও স্ক্যাপ এম এস রড সমূহ ইত্যাদি) যে অবস্থায় আছে, সে অবস্থায় বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিদেরকে উক্ত তারিখের পূর্বেই মালামাল গুলি সরেজমিনে পরিদর্শনের জন্য বলা হইল। নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ,বাপাউবো, ফেনী দপ্তরের স্মারক নং-১২৭৪ তারিখ-২৫/০৮/২০২২ ইং নির্দেশনা মোতাবেক এই নিলাম বিজ্ঞপ্তি জারী করা হইল।

## শর্তাবলীঃ

১। নিলাম ডাকে অংশগ্রহনকারীকে আর্নেস্ট মানি হিসেবে ২,৭০০/- (দুই হাজার সাতশত) টাকা মাত্র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিয়া নিলাম ডাকে অংশগ্রহন করিতে হইবে।

২। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের টাকা জামানত সমন্বয়ের মাধ্যমে ডাক শেষ হইবার সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, মহিপাল শাখায় জমা দিতে হইবে। অন্যথায় তাহার নিলাম ডাক বাতিল বলিয়া গন্য হইবে।

৩। নিলাম ডাক সমাপ্তির পর নিলাম ডাক সম্পর্কে কাহারও কোন প্রকার আপত্তি থাকিলে নিলাম ডাকের সময় হইতে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সর্বোচ্চ ডাকের দ্বিগুন পরিমান টাকা জমা প্রদানসহ লিখিতভাবে পুনঃনিলামের আবেদন করিতে পারিবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাক কারীর ডাক বাতিল বলিয়া গন্য হইবে এবং জমাকৃত টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে ফেরত লইতে বাধ্য থাকিবেন।

৪। দ্বিগুন পরিমান টাকা জমা দেওয়ার পর পুনঃ প্রকাশ্য নিলামের জন্য নোটিশ জারী করা হইবে। পুনঃ নিলাম ডাকে যে কেহ অংশ গ্রহন করতে পারিবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাককারীর ডাক পূর্বের চাইতে দ্বিগুনের কম হইতে পারিবে না। যদি দ্বিগুনের কম হয় তবে আপত্তিকারীকেই পূর্বের ডাকের দ্বিগুন মূল্যে নিলাম ডাক গ্রহন করিতে হইবে।

৫। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নিলামকৃত মালামাল বুঝিয়া লইতে হইবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন না পাওয়া পর্যন্ত নিলামকৃত মালামাল হস্তান্তর করা হইবে না।

৭। নিলাম ডাকের সর্বোচ্চ টাকার শতকরা ১০% ভ্যাট ও ৫% আইটি বাবদ সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক, মহিপাল শাখায় জমা দিয়া উহার কপি অত্র দপ্তরে জমা দেওয়ার পর নিলাম কার্যকর হইবে।

৮। নিলামকৃত মালামাল অপসারনকালে কর্তৃপক্ষের কোন সম্পত্তির বা অন্য কোন প্রকার ক্ষতি হইলে তাহা ডাককারী নিজ দায়িত্বে পূরণ করিয়া দিতে হইবে।

৯। কর্তৃপক্ষ যে কোন সময় নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।

স্বাক্ষরিত/-
(মোঃ নুরুননবী)
উপ-বিভাগীয় প্রকৌশলী
সোনাগাজী উন্নীত পওর উপ-বিভাগ
বাপাউবো, ফেনী।

স্মারক নং- ৯৮০
তারিখঃ- 29/09/2022 ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
৩. প্রকল্প পরিচালক, আইএমআইপি, এমআইপি, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বহুল প্রচারিত ১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
৫. নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী। নিলামের দিনে মহোদয়ের একজন প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, পানি ভবন, বাপাউবো, ঢাকা। পাউবো ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হইল।
৭. সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফেনী/সোনাগাজী মডেল থানা, সোনাগাজী, ফেনী।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, সোনাগাজী/ফেনী।
১০. উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, সোনাগাজী উন্নীত পওর শাখা-১/২, বাপাউবো, ফেনী। তাহাদেরকে নিলাম ডাকে অংশ গ্রহনকারীদের মালামালগুলি দেখানোর ব্যবস্থা গ্রহন সহ সকল প্রকার সহায়তা প্রদানের জন্য বলা হইল।
১১. নোটিশ বোর্ড, ফেনী পওর বিভাগ।

27/9/22
উপ-বিভাগীয় প্রকৌশলী
সোনাগাজী উন্নীত পওর উপ-বিভাগ
বাপাউবো, ফেনী।